



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২ অরফ্যানেজ রোড, বকশিবাজার, ঢাকা-১২১১

www.ebmeh.gov.bd/ www.bmeh.gov.bd

স্মারক নং-৫৭.১৬.০০০০.০০৩.০১১.৪১.০০১.২৩-১১৩৯

তারিখ: ২৩ আষাঢ়, ১৪৩৩
০৭ জুলাই ২০২৬

বিষয়: বৈরী আবহাওয়ার কারণে আগামী ০৮/০৭/২০২৬ তারিখ বুধবারের কক্সবাজার জেলার পরীক্ষা কেন্দ্রসমূহের আলিম পরীক্ষা ২০২৬ স্থগিত প্রসঙ্গে।

সূত্র: ১। আশিবো/প্রশা/২০১০/৭০; তারিখ: ০৭.০৭.২০২৬

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে, বন্যা পরিস্থিতি বিবেচনায় চট্টগ্রাম অঞ্চলের কক্সবাজার জেলার পরীক্ষা কেন্দ্রসমূহের আগামী ০৮/০৭/২০২৬ তারিখ বুধবারের বাংলা দ্বিতীয় পত্র, বিষয় কোড-২৩৭ এর পরীক্ষা স্থগিত করা হলো। অন্যান্য অঞ্চল এবং চট্টগ্রাম অঞ্চলের আওতাধীন অন্যান্য জেলার উক্ত তারিখের পরীক্ষা যথারীতি অনুষ্ঠিত হবে। স্থগিত হওয়া পরীক্ষার পরিবর্তিত সময়সূচি পরবর্তীতে জানানো হবে।

এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

প্রফেসর খোন্দকার মোহাম্মদ সাদেকুর

রহমান

চেয়ারম্যান

ফোন : ০২-৫৮৬১০২১৬

ই-মেইল: chairman@bmeh.gov.bd

চট্টগ্রাম অঞ্চলের কক্সবাজার জেলার কেন্দ্রসমূহের
ভারপ্রাপ্ত কর্মকর্তা।

স্মারক নং-৫৭.১৬.০০০০.০০৩.০১১.৪১.০০১.২৩-১১৩৯

তারিখ: ২৩ আষাঢ়, ১৪৩৩
০৭ জুলাই ২০২৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক, সকল জেলা
২. মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ, ঢাকা
৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ, ঢাকা
৪. উপজেলা নির্বাহী কর্মকর্তা, সকল উপজেলা
৫. জেলা শিক্ষা কর্মকর্তা, সকল জেলা
৬. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
৭. পি ও টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
৮. অফিস কপি।